রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

**সাধারণ আদেশ**

তারিখ : ১৩ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ/২৮ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : **EFD/SDC ব্যবহারের মাধ্যমে মূসক ও সম্পূরক শুল্ক আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য Genex Infosys Ltd., জাতীয় রাজস্ব বোর্ড এর আওতাধীন মূসক দপ্তরসমূহ এবং মূসক নিবন্ধিত প্রতিষ্ঠানের জন্য পরিপালনীয় বিষয়সমূহ।**

নং ০৫/মূসক/২০২৩—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৩৪ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪২ এর উদ্দেশ্যপূরণকল্পে এবং বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, Genex Infosys Ltd. কর্তৃক ইলেক্ট্রনিক ফিসক্যাল ডিভাইস (ইএফডি) এবং সেলস ডাটা কন্ট্রোলার (এসডিসি) স্থাপন, রক্ষণাবেক্ষণ এবং আনুষঙ্গিক অন্যান্য বিধান পরিপালনের নিমিত্ত নিম্নরূপ আদেশ প্রদান করিল:

২। আইনের ধারা ১৩৪ অনুযায়ী EFD/SDC স্থাপন, মনিটরিং ও আনুষঙ্গিক কার্যাবলি সম্পাদনের নিমিত্ত দরপত্রের মাধ্যমে নির্বাচিত প্রতিষ্ঠান Genex Infosys Ltd., সংশ্লিষ্ট দরপত্রে উল্লিখিত সকল শর্ত যথাযথভাবে পরিপালন করিয়া EFD/SDC স্থাপন, রক্ষণাবেক্ষণ ও ব্যবহার কার্যক্রম সম্পাদন করিবে এবং EFD/SDC কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য Genex Infosys Ltd., মূসক দপ্তরসমূহ এবং মূসক নিবন্ধিত প্রতিষ্ঠান নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথা:

(ক) **EFD/SDC স্থাপনযোগ্য প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত:**

(১) সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় জরিপ করিয়া EFD/SDC স্থাপনযোগ্য প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত, হালনাগাদ করিবে এবং উহা বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করিবে;

(২) বিভাগীয় কর্মকর্তা, সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় হইতে তালিকা প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দিনের মধ্যে যাচাই-বাছাই করিয়া তাহা সংশ্লিষ্ট কমিশনারেটে প্রেরণ করিবে;

(৩) কমিশনার, সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার কার্যালয় হইতে তালিকা প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত করিয়া EFD/SDC স্থাপনের উদ্দেশ্যে উহা Genex Infosys Ltd. কে সরবরাহ করিবে।

(খ) **EFD/SDC স্থাপন ও প্রশিক্ষণ আয়োজন:**

(১) Genex Infosys Ltd. কমিশনারেট হতে প্রাপ্ত তালিকা মোতাবেক, সংশ্লিষ্ট কমিশনারেটের সহযোগিতায় EFD/SDC স্থাপনের ব্যবস্থা গ্রহণ করিবে;

(২) Genex Infosys Ltd. দরপত্রের শর্ত অনুযায়ী নির্বাচিত ব্যবসা প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করিবে;

(৩) Genex Infosys Ltd. দরপত্রের শর্ত অনুযায়ী সংশ্লিষ্ট কমিশনারেটের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করিবে;

(৪) Genex Infosys Ltd. EFD/SDC স্থাপনের পর এ সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট কমিশনারেটে প্রেরণ করিবে;

(৫) সংশ্লিষ্ট কমিশনার প্রতি মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসে EFD/SDC স্থাপিত প্রতিষ্ঠানের হালনাগাদ তালিকা জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবে।

(গ) **মনিটরিং:**

(১) Genex Infosys Ltd. স্থাপিত EFD/SDC এর মাধ্যমে যথাযথভাবে কর চালানপত্র ইস্যুর বিষয়টি মনিটরিং এর লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে;

(২) সংশ্লিষ্ট কমিশনারেটের কর্মকর্তাগণ স্থাপিত EFD/SDC এর মাধ্যমে বিক্রয়ের ক্ষেত্রে দৈনিক বিক্রয় তথ্য, মূসক ও সম্পূরক শুল্ক (যদি থাকে) এর পরিমাণ, ইনভয়েসের সংখ্যা ইত্যাদি ড্যাশবোর্ডে পর্যবেক্ষণ ও বিশ্লেষণ এবং সেই অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন;

(ঘ) **সার্ভিস সেন্টার স্থাপন ও মেশিন মেরামত:**

(১) দরপত্র অনুযায়ী Genex Infosys Ltd. প্রয়োজনীয় সংখ্যক সার্ভিস সেন্টার স্থাপন করিবে;

(২) EFD/SDC সংক্রান্ত যে কোনো সমস্যার উদ্ভব হইলে বা EFD/SDC মেশিনের কোনো যন্ত্রাংশের মেরামত/পরিবর্তন করার প্রয়োজন হইলে Genex Infosys Ltd. তাহা দ্রুততম সময়ের মধ্যে সমাধানের ব্যবস্থা গ্রহণ করিবে;

(৩) কোনো EFD/SDC মেশিন অচল/অকেজো হইলে Genex Infosys Ltd. উহা তাৎক্ষণিক (অবহিত হওয়ার সর্বোচ্চ এক দিন) প্রতিস্থাপন করিবে এবং এ সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট মূসক কর্মকর্তাকে অবহিত করিবে;

(৪) কোনো প্রতিষ্ঠানের EFD/SDC মেশিন অচল/অকেজো হলে তাৎক্ষণিক প্রতিস্থাপনের জন্য পর্যাপ্ত সংখ্যক মেশিন Genex Infosys Ltd. কে মজুদ রাখিতে হইবে;

(৫) EFD/SDC মেশিন অচল/অকেজো থাকা অবস্থায় প্রতিষ্ঠান ম্যানুয়ালি ফরম মূসক ৬.৩ চালান ইস্যু করিবে এবং EFD/SDC মেশিন চালু হওয়ার পর উক্ত ইস্যুকৃত চালান EFD/SDC মেশিনে এন্ট্রি প্রদান করিতে হইবে।

(ঙ) **প্রচার-প্রচারণা:**

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পূর্ব অনুমোদিত ভিডিও ক্লিপ, ডকুমেন্ট বা বিজ্ঞাপন কনটেন্ট দ্বারা প্রয়োজনে জনসচেনতা বৃদ্ধির জন্য Genex Infosys Ltd. প্রচার প্রচারণা করিতে পারিবে।

(চ) **দাখিলপত্র পেশকরণ:**

(১) Genex Infosys Ltd. দরপত্রের শর্তানুযায়ী, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত দাখিলপত্র EFD/SDC ব্যবহারের মাধ্যমে পেশ করিবার জন্য উহার সিস্টেমটি ব্যবহার উপযোগী করিবে এবং মূসক আইন/বিধি সংক্রান্ত পরিবর্তনের আলোকে তা হালনাগাদ করিবে;

(২) EFD/SDC ব্যবহারকারী প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত সংক্ষিপ্ত দাখিলপত্র উক্ত মেশিনের মাধ্যমে অনলাইনে পেশ করিতে পারিবে।

(ছ) **বিবিধ:**

(১) যে সকল মূসকযোগ্য প্রতিষ্ঠানকে EFD/SDC স্থাপনের জন্য তালিকাভুক্ত করা হইবে, সে সকল প্রতিষ্ঠান মেশিন স্থাপন, মেরামত, কারিগরি বা অন্য যে কোনো সংশ্লিষ্ট বিষয়ে Genex Infosys Ltd. প্রতিষ্ঠানকে সার্বিক সহযোগিতা প্রদান করিবে;

(২) কোনো প্রতিষ্ঠান EFD/SDC মেশিনে চালান ইস্যু না করিলে বা আইন পরিপালন না করিলে Genex Infosys Ltd. কর্তৃক নিযুক্ত প্রতিনিধি উপযুক্ত প্রমাণসহ অভিযুক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট কমিশনারের নিকট প্রতিবেদন দাখিল করিবে এবং উক্ত তথ্যের আলোকে কমিশনার আইন মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে;

(৩) EFD ব্যবহারযোগ্য যে সকল প্রতিষ্ঠান নিজস্ব সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে (POS বা অনুরূপ) ক্রয়-বিক্রয় কার্যক্রম সম্পন্ন করিয়া থাকে, সে সকল প্রতিষ্ঠানে উক্ত সফটওয়্যারের সাথে SDC স্থাপনের লক্ষ্যে, উক্ত প্রতিষ্ঠান এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট সফটওয়্যার সরবরাহকারী প্রতিষ্ঠান Genex Infosys Ltd. কে সার্বিক সহযোগিতা করিবে; কোনো প্রতিষ্ঠান বা সংশ্লিষ্ট সফটওয়্যার সরবরাহকারী প্রতিষ্ঠান সহযোগিতা না করিলে Genex Infosys Ltd. প্রমাণকসহ কমিশনারের নিকট লিখিত প্রতিবেদন দাখিল করিবে এবং কমিশনার প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করিবেন;

(৪) দরপত্রের অন্যান্য শর্ত Genex Infosys Ltd. কর্তৃক পরিপালন করিতে হইবে;

(৫) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং তদাধীনে প্রণীত বিধিমালা, আদেশ ইত্যাদি Genex Infosys Ltd. কর্তৃক পরিপালন করিতে হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোহাম্মদ হাসমত আলী**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd